# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 03 April, 2025

সুন্দরবন পূর্ব বন বিভাগের দুবলারচরের আলোরকোল শুঁটকি পল্লীতে জেনারেটরের  বিদ্যুতে স্পৃষ্ট হয়ে দিলিপ চন্দ্র (৪০) নামে এক জেলে মারা গেছেন। বুধবার(০২ এপ্রিল) রাতে জেনারেটরের বিদ্যুতে মারা যান ওই জেলে। বৃহস্পতিবার (৩এপ্রিল) সকালে তার মহদেহ গ্রামের বাড়ীতে পাঠানো হয়েছে বলে জানিয়েছে বনবিভাগ।

নিহত জেলে খুলনার পাইকগাছা উপজেলার  খড়িয়া গ্রামের শৈলেন্দ্র নাথের ছেলে।

দুবলার ফিশারমেন গ্রুপের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মো. কামাল উদ্দিন আহমেদ জানান, সকালে জেনারেটরের

তারের পাশে দিলিপকে মৃত অবস্থায় পড়ে থাকতে দেখেন জেলেরা। ধারণা করা হচ্ছে রাতের কোনো এক সময় ঘুমের মধ্য জেলে ঘরের জেনারেটরের তারের সংস্পর্শে গেলে বিদ্যুতে মৃত্যু হয় তার।

জেলেপল্লী দুবলার বিশেষ টহল ফাঁড়ির ভারপ্রাপ্ত কর্মকর্তা ফরেষ্ট রেঞ্জার মো. খলিলুর রহমান বলেন, মরদেহটি ফিশারমেন গ্রুপের ব্যবস্থাপনায় তার বাড়িতে পাঠানো হয়েছে।

সুন্দরবন শুঁটকি শুঁটকি পল্লী জেনারেটর বিদ্যুত মৃত্যু জেলে

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:52

URL: https://www.timestodaybd.com/khulna/53571267